

মুখ্যমন্ত্রীর মুখে জিএসটি’র কথা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ শারদোৎসবের উল্লসে রবিবার ঢেউলি অগ্রীতে চলে যান মুখ্যমন্ত্রী। পূজার আনন্দের পাশাপাশি মুখ্যমন্ত্রীর মুখে শোনা যায় জিএসটির কথাও। এদিন তিনি বলেন, “যে যাই বলুক, এটা কাচের মতো স্বচ্ছ যে কুটির ও অনুসারী শিল্পে আমরা এক নম্বরে। উৎপাদন শিল্প নিয়ে আমাদের কাউকে জ্ঞান দিতে হবে না। ওটাতেও আমরা এক নম্বরে। একশো দিনের কাজে এক নম্বরে ছিলাম। তাই আমাদের এখন আর টাকা নেই না। বাংলার বাড়ির টাকা নেই না। পিএইচই-র টাকা ৯০ শতাংশ আমরাই দিই।” শুধু অনুদানই নয়, বিমা থেকে জিএসটি হটানোর কাজেও একমাত্র বাংলার প্রশাসনেরই ভূমিকা রয়েছে, সেই কথাও বলেন তিনি। মুখ্যমন্ত্রীর কথায়, “বিমাতে জিএসটি নেওয়া যাবে না, এই মর্মে ভারতবর্ষে প্রথম চিঠিটা লিখেছিলাম আমি। আমাদের অর্থমন্ত্রী জিএসটি কাউন্সিলের বৈঠকে তা নিয়ে লড়াই করেছিলেন। তবে এখন যখন এটা লাগু হল, তারপরেও তাতে কিন্তু কেন্দ্রের কোনও অবদান নেই। এই নিয়ম আনতে গিয়ে আমাদের ২০ হাজার কোটি টাকা ক্ষতি হয়ে গেছে। অন্য সকল রাজ্যগুলোরও হয়েছে। কিন্তু তারা তো ঘুরপথে পেয়ে যাবে। আমরা তো পাব না। আমাদের ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা এখনও দেয়নি।” এদিন বাঙালি অস্মিতা নিয়েও সর্ব হন মুখ্যমন্ত্রী। বাঙালি পরিযায়ী শ্রমিক দেখলেই ‘অক্রমণ করছে’ বলে বিজেপির দিকে অভিযোগ তোলেন তিনি। তাঁর কথায়, “বাংলায় কথা বলা পরিযায়ী শ্রমিক দেখলেই হল, ছোট্টোলে ঢুকতে দেবে না। কাজ করতে দেবে না। অত্যাচার করবে। কেন? আমরা তো হিন্দি ভাষী দেখলে এমন আচরণ করি না। আমাদের এখানে কেউ করে না।” পাশাপাশি, জগন্নাথ ধামের পর দুর্গা অষ্টম তৈরির কাজও অনেকটা এগিয়ে গিয়েছে বলে জানান তিনি। মমতার কথায়, “আমরা দুর্গা অষ্টম তৈরি করছি। জমি পাওয়া গিয়েছে। একটা ট্রাস্টও গঠন করা হয়েছে।”

সব নিম্নচাপ জেঁকে ধরছে বাংলাকে

অভি ব্যানার্জী, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ দেখতে দেখতেই চলে এল বাঙালির সবথেকে বড় উৎসব, দুর্গাপূজা। আজ মহালয়া। পিতৃপক্ষের অবসান হয়ে শুরু হচ্ছে দেবীপক্ষের। তবে এবারের পূজাতেও ফাঁড়া সেই বৃষ্টিই। দুর্গাপূজার মুখে জোড়া নিম্নচাপের পূর্বাভাস। আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, আগামিকাল, ২২ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলে নিম্নচাপ সৃষ্টির সম্ভাবনা রয়েছে। নিম্নচাপের প্রভাবে ৪ জেলায় ভারী বৃষ্টির সতর্কতা। কবে থেকে বৃষ্টি শুরু হচ্ছে, কোন কোন জায়গায় সবথেকে বেশি বৃষ্টি হবে, জানিয়ে দিল হাওয়া অফিস। অলিপুর আবহাওয়া অফিস জানিয়েছে, পূজার ঠিক মুহূর্তেই নিম্নচাপের মেলা লাগতে চলেছে বঙ্গোপসাগরে। আগামিকাল, ২২ সেপ্টেম্বর একটি নিম্নচাপ তৈরি হবে বাংলা-বাংলাদেশ উপকূলে। এর প্রভাবে সোমবার ও মঙ্গলবার দক্ষিণ ২৪ পরগনা ও দুই মেদিনীপুরে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কলকাতা সহ পার্শ্ববর্তী জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হবে। আগামী দুই-তিনদিন এই বৃষ্টি চলবে। মঙ্গলবার ভারী বৃষ্টি হতে পারে বাকুড়াতেও। এবপরে তৃতীয় বঙ্গোপসাগরের উপরে আরও একটি নিম্নচাপ সৃষ্টির পূর্বাভাস দিয়েছে মৌসম ভরন। এই নিম্নচাপই শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে পরিণত হবে। এখনও পর্যন্ত এই নিম্নচাপের অভিযুক্ত ওড়িশা-অন্ধ্র প্রদেশের দিকেই। চতুর্থীতে গভীর নিম্নচাপ ঘনীভূত হতে পারে। পঞ্চমীতে ওড়িশা-অন্ধ্র হয়ে স্থলভাগে ঢুকবে গভীর নিম্নচাপ। এই গভীর নিম্নচাপের প্রভাবে বৃষ্টি বাড়বে বাংলাতেও। পূজার শেষের দিকে বৃষ্টির তীব্রতা বাড়তে পারে। বিশেষ করে উপকূলবর্তী জেলাগুলিতে নবমী থেকে বৃষ্টি বাড়বে। রাজ্যের উপকূলে ঘণ্টায় ৬০ কিমি বেগে দমকা বাতাস বইতে পারে। উত্তাল হবে সমুদ্র। ২৫ সেপ্টেম্বর থেকে মংসজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

‘টাকা জমানোর উৎসব’ শুরু! বড় ঘোষণা মোদির

সংবাদ সংস্থা, ২১ সেপ্টেম্বরঃ নবরাত্রির শুভরতে আত্মনির্ভরতার নতুন পদক্ষেপ। আগামিকাল থেকে দেশেজুড়ে জিএসটি সাশ্রয় উসব শুরু। মহিলা থেকে ব্যবসায়ী সকলে এর সুফল পাবেন। দশকের পর দশক ধরে আলাদা শুদ্ধ পদ্ধতিতে জর্জরিত ছিল দেশ। সব জায়গায় ট্যাক্সের আলাদা আলাদা নিয়ম ছিল। এবার সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে নতুন হারে জিএসটি। এই সিদ্ধান্ত ভারতের অগ্রগতিতে ত্বরান্বিত করবে। রবিবার সন্ধ্যায় জিএসটির নতুন কাঠামো নিয়ে বার্তায় বললেন প্রধানমন্ত্রী



আমি স্বদেশি জিনিস কিনি এবং স্বদেশি জিনিস বিক্রি করি।” এদিন জাতির উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, “আমাদের দৈনন্দিন জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে গিয়েছে বিদেশি পণ্য। আমরা তা নিজেও জানি না। এর থেকে আমাদের মুক্তি পেতে হবে। ‘মেড ইন ইন্ডিয়া’ পণ্য কিনতে হবে আমাদের। যেখানে আমাদের দেশের মানুষের পরিচয় মিশে রয়েছে। প্রতিটি বাড়িকে স্বদেশি প্রতীক হিসেবে গড়ে তুলতে হবে। প্রতিটি দোকান স্বদেশি পণ্যে সাজিয়ে তুলতে হবে। গর্বের সঙ্গে বলতে হবে আমি স্বদেশি জিনিস কিনি।”

বনগাঁয় বসে মানব পাচারের কারবার! দু’জনকে গ্রেফতার করল এনআইএ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ মানব পাচার মামলায় এবার উত্তর ২৪ পরগনার বনগাঁ থেকে দু’জনকে গ্রেফতার করল কেন্দ্রীয় সংস্থা এনআইএ। মানব পাচার চক্রের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে অমল কৃষ্ণ মণ্ডল এবং আমির আলি শেখকে গ্রেফতার করেছে এনআইএ-র গোয়েন্দারা।



সূত্রের খবর, মাস কয়েক আগে ভুবনেশ্বরে এক নাবালিকাকে উদ্ধার করে ওড়িশা পুলিশ। অভিযোগ, অবৈধভাবে সীমান্ত পার করে তাকে ভারতে নিয়ে আসা হয়েছিল। প্রথমে কলকাতা, তারপর কটক। ওই নাবালিকার সঙ্গে কথা বলে মানবপাচার চক্রের হদিশ পায় পুলিশ। যোগ থাকার তথ্য সামনে আসতেই তদন্ত শুরু করেন এনআইএ-র গোয়েন্দারা। তদন্তে নেমে এক দম্পতির নাম জানতে পারেন গোয়েন্দারা। ওই দম্পতি আদতে বাংলাদেশের বাসিন্দা বলে জানা

গিয়েছে। এই মানব পাচার চক্রের জাল কতদূর বিস্তৃত, তা তদন্ত করতে গিয়ে তাদের আর্থিক সেন্সেন খতিয়ে দেখেই গাইঘাটার বাসিন্দা অমলকৃষ্ণ মণ্ডল এবং বনগাঁর বাসিন্দা আমির আলি শেখের যোগ উঠে আসে। আমির আলী শেখ বৈদেশিক মুদ্রা লেনদেনের কাজের সঙ্গে যুক্ত। অমলকৃষ্ণ গাইঘাটার বাসিন্দা।

কলকাতা বিমানবন্দর থেকে আটক টিএমসি কাউন্সিলর

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ রাজ্যে পরপর গুলি চলায় ঘটনায় উল্লেখ সাধারণ মানুষ। রবিবার দুপুরেও দক্ষিণ কলকাতার একটি জিমে গুলি চলেছে। এই পরিস্থিতির মাঝে এবার কার্তুজ সহ বিমানবন্দর থেকে আটক করা হল খোদা কাউন্সিলরকে। রবিবার কলকাতা বিমানবন্দর থেকে এক তৃণমূল কাউন্সিলরকে আটক করা হয়েছে। কেন ওই তৃণমূল নেতা আগ্রোয়াস্ত্রের সরঞ্জাম নিয়ে যাচ্ছিলেন, তা স্পষ্ট নয়। দক্ষিণ ২৪ পরগনার পুজালি পুরসভার ১৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শেখ আমিরুল ইসলামকে আটক করা হয়েছে। এদিন তিনি ইন্টিগার একটি মুদ্রাইগামী বিমানে চাপতেই বিমানবন্দরে গিয়েছিলেন। নিয়মমার্কিত ব্যাগ স্ক্যান হওয়ার সময় ওই নেতার ব্যাগে ধাতব বস্তু দেখতে পাওয়া যায়। এরপরই ওই কাউন্সিলরকে সরিয়ে নিয়ে যাওয়া হয়। এরপর ব্যাগ চেক করে একে



একে উদ্ধার করা হয় ৬ রাউন্ড ৭.৬৫ কার্তুজ ও ম্যাগাজিন। ওই আগ্রোয়াস্ত্রের সরঞ্জামের কোনও বৈধ নথি দেখাতে পারেননি কাউন্সিলর। তাই তাকে আটক করা হয়েছে। পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে তাকে। পুলিশ তদন্ত শুরু করেছে। এখনও পর্যন্ত এই বিষয়ে তৃণমূলের তরফে কোনও বক্তব্য পাওয়া যায়নি। তবে শাসক দলের নেতার ব্যাগে আশে আগ্রোয়াস্ত্রের সরঞ্জাম মেলায় প্রশ্ন উঠছে সব মহলেই।

কোটি টাকার প্রতারণার শিকার পূজা! অভিযোগে গ্রেফতার প্রযোজক



নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ অভিনেত্রী পূজা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে এক কোটি ৬৮ লক্ষ টাকা আর্থিক প্রতারণার অভিযোগে গ্রেফতার করা হল এক প্রযোজককে। ইলেকট্রনিক কমপ্লেক্স থানার অন্তর্গত এক অভিজাত আবাসন থেকে গ্রেফতার করা হল প্রযোজক শ্যামসুন্দর দে-কে। গ্রেফতার করে ট্রানজিট রিমান্ডে তাকে নিয়ে যাওয়া হয়েছে মুম্বই গোয়েন্দাও বাঙ্গার পুলিশ টেকিভে। মুম্বই পুলিশ সূত্রে খবর, গত ১৬ জুলাই অভিনেত্রী পূজা প্রযোজক শ্যামসুন্দর দে-র বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করেন। অভিযোগ, গত এপ্রিল মাসে পূজা ও তাঁর স্বামী কুশাল ভার্মার সঙ্গে দেখা করেন ওই প্রযোজক। তিনি জানান একজন ফিল্মার প্রযোজনা নতুন ছবির সম্প্রচারের স্ব স্ব অর্জনের জন্য একজন বিনিয়োগকারীর

প্রয়োজন। শুধু তাই নয়, বিনিয়োগ করলে যে ভাল লাভ পাওয়া যাবে, তা বোঝাতে শ্যামসুন্দর দে সংশ্লিষ্ট প্রাকটিকের সঙ্গে হওয়া চুক্তির ইমেইলের ফটোকপিও দেখান অভিনেত্রী ও তাঁর স্বামীকে। তিনি বোঝান যে এই প্রাকটিক থেকে ভাল উপার্জন হতে পারে। এরপরই ১৭ এপ্রিল থেকে ৫ মে পর্যন্ত এক কোটি ৬৮ লক্ষ টাকা ব্যাক্সের মাধ্যমে ওই প্রযোজককে দেন অভিনেত্রী ও তাঁর স্বামী। কিন্তু সেই টাকা প্রযোজক আত্মসাৎ করেন বলে অভিযোগ। সেই অভিযোগের ভিত্তিতে পৌঁজ লেখিলা। গত শুক্রবার রাতে মুম্বইয়ের বাঙ্গার পুলিশ টেকিভর তদন্তকারীরা সন্টলেক ইলেকট্রনিক কমপ্লেক্স থানার অন্তর্গত অভিজাত আবাসন থেকে গ্রেফতার করা হয়। ওই দিন রাতেই তাঁকে ট্রানজিট রিমান্ডে মুম্বই নিয়ে যাওয়া হয়েছে। মাস কয়েক আগে পূজা ও তাঁর স্বামীর বিরুদ্ধে অপহরণের অভিযোগ তুলেছিলেন শ্যামসুন্দর। পরে পূজা জানান, তাঁদের কষ্ট করে অর্জন করা টাকা প্রতারণা করে নিয়ে নেওয়া হয়েছে। একেবারে শূন্য থেকে শুরু করতে হবে বলেও জানিয়েছিলেন তিনি।

মহালয়ায় মন্ত্রী ইন্দ্রনীলের সঙ্গে গান ধরলেন মমতা

অভিষেক বললেন ‘এখন পূজো আর চারদিনের নয়’

দেব ভট্টাচার্য, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ আমাদের ছোটবেলায় দুর্গাপূজা মানে চারটে দিন ছিল। ২০১১ সালে বাংলায় মা-মাটি মানুষের সরকার আসার পর, সরকারের উদ্যোগে, প্রচেষ্টায় যেভাবে সর্বপ্রিয় উসবের প্রসার ঘটেছে। তৃণমূলের মুখপত্র ‘জাগো বাংলা’র শারদীয়া সংখ্যার উদ্বোধনী অনুষ্ঠান গতি পেল অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বলা এই কথাগুলো দিয়ে। তখন মধ্যে উপস্থিত ছিলেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও রবিবারের অনুষ্ঠানে ইন্দ্রনীল সেনের সঙ্গে গলা মিলিয়ে গান ধরেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী জানান, “এবছর ক্লাবগুলোকে ১ লক্ষ ১০ হাজার টাকাই নয়, বিদ্যুতের ৮০ শতাংশ মকুব করা হয়েছে। তাছাড়াও কলকাতা পুরসভার বিজ্ঞাপন খরচ, দমকল সবটাই নিখরচা করে দেওয়া হয়েছে। সবার পূজো ভাল কাটুক।” গান নিয়েও এদিন বিশেষ মুহূর্ত তৈরি হল মধ্যে। রাজ্যের মন্ত্রী ইন্দ্রনীল সেন জানান, এ বছর যে সংগীত আলবামের উদ্বোধন হয়েছে, তার প্রতিটি গানের কথা ও সুরকার স্বয়ং মুখ্যমন্ত্রী। এর উত্তরে হাসিমুখে মমতা বললেন, “আমি তো শিল্পী নই। ছোটবেলায় একটু গান শিখেছিলাম। আজও শুধু কথা আর সুর দিয়ে কিছু বলতে পারি। গলা বুঝি খারাপ।” তবে ইন্দ্রনীল সেন পাঠা মন্তব্য করলেন, “রাজনীতির বাইরে উনি অসাধারণ গীতিকার, সুরকার। আবার ছবিও



আঁকেন দারুণ।” শেষে মুখ্যমন্ত্রী স্বভাবসুলভ ভঙ্গিতে ইন্দ্রনীলকে বলেন, “তুমি গান ধরো, জাগো দুর্গা ধরো।” এদিন মমতা বলার আগেই বক্তব্য রাখেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, “এখন মহালয়ার সঙ্গে সঙ্গেই রাস্তায় ঠাকুর দেখতে নেমে পড়েন। প্যাভিলনে প্যাভিলনে যান। তার সঙ্গে সঙ্গে বাংলায় যত ক্লাব রয়েছে, তাদের এই অর্থনৈতিক প্রতিকূলতার মধ্যেও

মমতা বন্দ্যোপাধ্যায় ১ লক্ষ ১০ হাজার টাকা করে দিয়ে সাহায্য ও সহযোগিতা করেছেন। দুর্গাপূজার প্রসার ঘটিয়েছেন। মহালয়া মানেই ঠিক তিন বছর আগে আমাদের রাজ্য সরকারের এই প্রচেষ্টাকে ইউনেস্কো ইনটার্জিবল হেরিটেজ স্বীকৃতি দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে বিশ্বের দরবারে তুলে ধরেছে। এটা আমাদের সকলের বাড়তি প্রাপ্য এবং পাওনা।”

মাটিকে কলুষিত করতে গত চার পাঁচ বছর আগে বাংলাকে অপমানিত করতে বলে গেছিল যে এখানে পূজো হয় না, আজ থেকে ঠিক তিন বছর আগে আমাদের রাজ্য সরকারের এই প্রচেষ্টাকে ইউনেস্কো ইনটার্জিবল হেরিটেজ স্বীকৃতি দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে বিশ্বের দরবারে তুলে ধরেছে। এটা আমাদের সকলের বাড়তি প্রাপ্য এবং পাওনা।”

‘টাকার মোহ নয়, ন্যায়বিচারের সঙ্গে প্রেম করুন’, বিচারপতিদের পরামর্শ গবাইয়ের

হি.স., নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বরঃ কয়েকজন বিচারক বা বিচারপতির ক্ষমতার অপব্যবহার গোটা বিচারব্যবস্থাকে প্রশ্নের মুখে ফেলতে পারে গোটা বিচারব্যবস্থাকে। শনিবার সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রিটো টাইবুনাল নামে এক সম্মেলনে গিয়ে এমনটাই বললেন দেশের প্রধানবিচারপতি বি আর গবাই। পাশাপাশি, বিচারব্যবস্থার সঙ্গে যুক্ত ব্যক্তিদের টাকা নয়, ন্যায়বিচারের প্রতি প্রেম থাকতে হবে বলেও পরামর্শ দেন তিনি। তাঁর কথায়, “আমি আশা করব, বিচারব্যবস্থার সঙ্গে যুক্ত ব্যক্তিদের টাকার মোহ নয়, বরং ন্যায়বিচারের সঙ্গে প্রেম রয়েছে। সেই দিকেই তাঁরা নিজেদের উৎসর্গ করতে চান।” তাঁর সংযোজন, “আমাদের কাছে আসা বিচারপ্রার্থীরা, আমাদের বিশ্বাস করেন। তাঁরা মনে করেন, এখানেই হয়তো তাঁদের সমস্যার সুরাহা হবে। তাই আমাদের দায়িত্ব এবং ন্যায় ছাড়া কোনও রং আমাদের রায়ে লাগতে দেওয়া যাবে না। আর তা উচিতও নয়।” সম্প্রতি নগদকাণ্ড ঘিরে প্রশ্নের মুখে পড়েছিলেন দিল্লি হাইকোর্টের বিচারপতি যশবন্ত ভর্মা।

পরবর্তীতে তাকে দিল্লি থেকে বদলি করে পাঠানো হয় এলাহাবাদ হাইকোর্টে। তাঁর বিরুদ্ধে আনা হয়েছে অনাশ্রয় প্রস্তাবও পাশাপাশি, এই বিতর্ক যখন দানা বাঁধে, সেই সময় বিচারপতি ভর্মার অপসারণেরও সুপারিশ করেছিলেন

বলেন, “সম্প্রতি বার কাউন্সিলে, খবরের কাগজে এবং কিছু অনলাইন পোর্টাল থেকে একটা ঘটনার কথা জানতে পারলাম। আমি কারওর নাম নেব না। কিন্তু এই ধরনের ঘটনা গোটা প্রতিষ্ঠানকেই প্রশ্নের মুখে ফেলে।” শুনলাম একজন



পূর্বতন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না। এই আবেহে বর্তমান প্রধান বিচারপতির করা মন্তব্যও বেশ তাৎপর্যপূর্ণ। এদিনের সম্মেলনের বম্বে হাইকোর্টের একটি ঘটনার কথাও উল্লেখ করেন তিনি। সেই উচ্চ আদালতের বিচারপতির আচরণ নিয়ে তীব্র কটাক্ষ করতে দেখা যায় তাঁকে। প্রধান বিচারপতি

বিচারপতির তীব্র অপমানের কারণে একজন আইনজীবী আদালতে অজ্ঞান হয়ে পড়ে গিয়েছেন। আমাদের মাথায় রাখা প্রয়োজন, ন্যায়বিচারের যে সোনার পাখি রয়েছে, বিচারপতি এবং আইনজীবীরা সেই পাখির দুটি ডানা কেউ উচ্চ পদস্থ কিংবা নিম্ন পদস্থ নন, বরং উভয়েই অপরিহার্য।”

ভোটের মুখে ফের চমক নীতীশের, সরকারি কাজে গতি আনতে ট্যাব ও স্মার্টফোন বিলি

হি.স., পাতনা, ২১ সেপ্টেম্বরঃ ভোটের মুখে বড় ঘোষণা নীতীশ কুমারের। ‘মহাদলিত উন্নয়ন মিশন’ের কর্মীদের এককালীন ২৫ হাজার টাকা করে দেওয়া হবে ট্যাবলেট কেনার জন্য। এর পাশাপাশি বাড়ানো হয়েছে যাতায়াত এবং দফতর সামগ্রীর ভাতাও। সরকারের দাবি, এই পদক্ষেপে তৃণমূল স্তরে উন্নয়নমূলক কাজ আরও গতি পাবে। বিহারের মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বিকাশ মিত্রেরা যাতে সহজেই বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের সুবিধাভোগীদের তথ্য সংরক্ষণ করতে পারেন এবং অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করতে পারেন, তার জন্য এই ট্যাবলেট দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ন্যায়সঙ্গত উন্নয়নের নীতি মেনেই সরকার পিছিয়ে পড়া সমাজের উন্নতির জন্য ধারাবাহিকভাবে কাজ করে চলেছে। বিশেষ করে তফশিলি জাতি ও তফশিলি উপজাতি সম্প্রদায়ের কাছে সরকারি প্রকল্পগুলি পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন বিকাশ মিত্ররা। তাঁদের হাতে সরকারি পণ্য পড়েছিলো দিল্লি হাইকোর্টের বিচারপতি যশবন্ত ভর্মা।



করা হয়েছে। এতে তাঁদের মাঠপর্যায়ে কাজ করতে এবং নথি সংগ্রহে সুবিধা হবে। তিনি রবিবার ঘোষণা করেছেন, মহাদলিত, দলিত, সংখ্যালঘু এবং অতি পিছিয়ে পড়া সম্প্রদায়ের শিশুদের শিক্ষার সুযোগ নিশ্চিত করতে এবং মহিলাদের

সাক্ষরতায় ভূমিকা রাখা ‘শিক্ষা সেবক’দের জন্যও নতুন সুবিধা চালু হচ্ছে। ‘আক্ষর আঁচল’ প্রকল্পের অন্তর্গত এই কর্মীদের প্রত্যেককে ১০ হাজার টাকা করে দেওয়া হবে স্মার্টফোন কেনার জন্য, যাতে ডিজিটাল কাজ কারবার সহজে সম্পন্ন করা যায়। উপহার দিচ্ছে নীতীশ সরকার। এর আগে একাধিক প্রকল্পের অধীনে বিভিন্ন সুবিধা দিয়েছেন তিনি রাজ্যবাসীকে। আর শুধু নীতীশ নয়, ভোটের আগে রাজ্যবাসীকে উপহার দিচ্ছেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এমকে স্ট্যালিনও। সম্প্রতি মা-বাবা হারানো শিশু, অথবা বাবা-মায়ের একজন মারা যাওয়ার পর অনাজন যদি আর্থিক বা শারীরিকভাবে সন্তানের দায়িত্ব নিতে অক্ষম হন, সেই সব শিশুদের মাসে ২ হাজার টাকা করে ভাতা দেওয়ার কথা ঘোষণা করেন তিনি।

মহালয়ার শুভেচ্ছা জানালেন মুখ্যমন্ত্রী, নিজের লেখা নতুন গান উপহার মমতার

কলকাতা, ২১ সেপ্টেম্বরঃমহালয়ার পবিত্র ভোর মানেই এক বিশেষ আবেগ, এক অদ্ভুত নস্টালজিয়া। বাংলার মানুষ বরাবরই এই দিনটিকে নতুন করে শুরু হওয়া আনন্দের উৎসবের প্রত্ন্যবনা হিসেবে দেখে এসেছে। পিতৃপক্ষের অবসান ঘটিয়ে এই দিনেই সূচনা হয় দেবীপক্ষে। ভোররাত্তে রেডিওতে বাজতে থাকে চিরচেনা ‘ আর তার সঙ্গেই শহর থেকে গ্রাম পর্যন্ত প্রতিটি হৃদয়ে শুরু হয় দুর্গাপ্রসবের কাডস্টাডাউন।এই আবেগঘন দিনে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও রাজবাসীকে জানালেন মহালয়ার আনুতির স্তুভেচ্ছা। শুধু শুভেচ্ছাই নয়, বরাবরের মতো এ বছরও তিনি শিল্পীরাষ্ট্রাকে নতুন করে তুলে ধরলেন। নিজের লেখা ও সুর করা এক নতুন পুজোর গান প্রকাশ করলেন তিনি। রবিবার সকালে এগ্ন হাউসেলে মুখ্যমন্ত্রী লিখেছেন-জাগো দুর্গা, জাগো দশপ্রহরণধারিণী। বার্তায় তিনি জানান, তর্পণের শুভক্ষণে, দেবীর আগমনে ও আবাহনে তিনি সকলকে জানাচ্ছেন মহালয়ার প্রীতি ও শুভেচ্ছা। মুখ্যমন্ত্রীর এই নতুন গান প্রকাশের সঙ্গে সঙ্গেই সোশ্যাল মিডিয়ায় তা ছড়িয়ে পড়েছে। রাজবাসীর কাছে এই গান হয়ে উঠেছে দুর্গাপুজোর উসব আবহে এক নতুন সংযোজন। অনেকেই গানটি শোনার পর জানিয়েছেন, প্রতি বছরই মমতা বন্দ্যোপাধ্যায় নিজের লেখা কবিতা, গান কিংবা চিত্রকর্মের মাধ্যমে পুজোর নতুন মাত্রা যোগ করেন। এ বছরও তার ব্যতিক্রম হয়নি।এদিকে, মহালয়ার দিন থেকেই শহরের পুজোর আবহ যেন আরও স্পষ্ট হয়ে উঠেছে।

কুমারটুলি থেকে শুরু করে রাজ্যের নানা প্রান্তের পুয়া পাড়া-সব জায়গাতেই এখন চলছে শেষ মুহূর্তের ব্যস্ততা। প্রতিমা গড়ার কাজ প্রায় শেষ। শিল্পীরা এখন সাঙ্গসজ্জার খুঁটিনাটি নিয়ে চূড়ান্ত টানটান উত্তেজনায় কাজ চালাচ্ছেন। ছোট ছোট মণ্ডপ থেকে বড় বাড় খিমপুজো-সব জায়গাতেই উৎসবের আবহ যেন ফুটে উঠেছে।দেবীপক্ষের সূচনার দিনেই মমতার এই নতুন গান রাজ্যের উৎসবিয়ে মানুষের মনে এক বিশেষ আনন্দ যোগ করেছে। সরকারি কাজের চাপের ফাঁকেও মুখ্যমন্ত্রী সময় বের করে গান লিখে, সুর দিয়ে উল্লের সঙ্গে নিজেকে যুক্ত রাখেন, সেটাই আলাদা তাৎপর্য বহন করে। এ যেন রাজনৈতিক ব্যক্তিত্বের বাইরেও তাঁর আরেকটি পরিচয়, যা তাঁকে মানুষের আরও কাছাকাছি নিয়ে আসে।বাংলার দুর্গোৎসবকে ঘিরে যেমন ধর্মীয় আবেগ, তেমনি রয়েছে এক বিনৈল সাংস্কৃতিক ঐতিহ্য। সেই ঐতিহ্যের অংশ হয়ে প্রতি বছরই মমতার গান বা কবিতা মানুষের কাছে এক নতুন প্রতীক্ষা তৈরি করে। এবারও সেই ধারাবাহিকতা বজায় রেখে মহালয়ার সকালে তিনি গান শোনালেন বাংলাকে। তাঁর শুভেচ্ছা বার্তা ও গান যেন উৎসবের আবহকে আরও আবেগঘন করে তুলল।দেবীপক্ষের সূচনা হয়ে গেছে। প্রতিমার ঢোখে রঙ, মণ্ডপে আলো, শহরের অলিগলি থেকে রাজপথ-সব জায়গাতেই শুরু হয়ে গেছেই আনন্দের রঙিন মেলা। মহালয়ার শুভক্ষণে মুখ্যমন্ত্রীর গান নেন সেই উৎসবের সুরুতে এক বিশেষ সুর বেঁধে দিল বাংলার হৃদয়ে।

বর্ধমানে ১৯ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনা, আহত একাধিক

বর্ধমান, ২১ সেপ্টেম্বর : বর্ধমানের রথতলার কাছে ১৯ নম্বর জাতীয় সড়কে টোটোর সঙ্গে ধাক্কা লাগে একটি চারচাকা গাড়ি। সংঘর্ষের জেরে দুমড়ে মুচড়ে যায় টোটোটি। চালক-সহ আহত হয় ৭ জন।খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে বর্ধমান থানার পুলিশ আহতদের উদ্ধার করে। তাদের বর্ধমান মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আহতদের মধ্যে পাঁচ জনের আঘাত গুরুতর না হওয়ায় তাদের প্রাথমিক চিকিৎসার পরে ছেড়ে দেওয়া হয়।

যোষণা

দূরন্ত প্রকাশন (প্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও বিজ্ঞানের যথার্থতা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞানগুলি শুধুমাত্র সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। এই যোগা ভাষার স্রস্রস্রের স্পেশাল ক্রাইম ড্রাক্সের নির্দেশ অনুযায়ী খপা হচ্ছে।

২২ সেপ্টেম্বর থেকে কার্যকর নতুন জিএসটি হার, নানা মহলে খুশির আবহ

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর (হি.স)ঃ আর মাত্র একদিনের অপেক্ষা, সোমবার (২২) থেকে কার্যকর হচ্ছে নতুন জিএসটি হার। তার আগে খুশির আবহ নানা মহলে। পরবর্তী প্রজন্মের পণ্য এবং পরিষেবা কর (জিএসটি) সংস্কারের আওতায়। ভারত সরকার বেশ কয়েকটি ক্ষেত্রে বড় ধরনের কর হ্রাস যৌষণা করে সাধারণ মানুষের উপর থেকে বোঝা কমিয়েছে। উল্লেখযোগ্যভাবে, গ্লাসস, স্পোর্টস কিট, সাধারণ শারীরিক ব্যায়ামের সরঞ্জাম এবং মাছ ধরার সরঞ্জাম-সহ ক্রীড়া সামগ্রীর উপর জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। এই পদক্ষেপ কেবল এই জিনিসগুলিকে আরও সস্ত্রীক করে তুলবে না বরং খেলার মাধ্যমে শৈশব শিক্ষাকেও উৎসাহিত করবেকর কাঠামো সরলীকরণ এবং নাগরিকদের উপর আর্থিক বোঝা কমানোর লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বছর স্বাধীনতা দিবসের ভাষণে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের কথা যৌষণা করেন। নতুন করের হার সোমবার থেকেই কার্যকর করা হবে। গৃহস্থালীর ইলেকট্রনিক জিনিসপত্রের



উপর জিএসটি হার কমিয়ে সরকার ইলেকট্রনিক্স শিল্পের জন্য একটি বড় স্বস্তি যৌষণা করেছে। ইলেকট্রিক অ্যাকিউমুলেটরের উপর করের হার ২৮ শতাংশ থেকে কমিয়ে ১৮ শতাংশ করা হয়েছেনতুন জিএসটির হারে সস্তা হচ্ছে কী কীদুধ, ছানা, পনির, রুটি, পাউন্ডটির উপর পাঁচ শতাংশ জিএসটি ছিল। তা প্রত্যাহার করে নেওয়া হয়েছেকনডেনসড মিল্ক, মাখন, ঘি, তেল, চি এবং দুধজাত যাবতীয় পণ্যের উপর ১২ শতাংশ থেকে কমিয়ে জিএসটি করা হয়েছে পাঁচ শতাংশ। একই হার প্রযোজ্য

বাদাম, খেজুর, আনারস, অ্যান্ডোকাভা, পেয়ারা, আম এবং অন্যান্য ফলের ক্ষেত্রে।পশুচর্বি, সসেজ, সংরক্ষিত বা রান্না করা মাংস, মাছ, চিনি, পান্তা, নুডলস, স্প্যাগেটি এবং বিভিন্ন সজির দাম কমছে। জিএসটি এ সব ক্ষেত্রে ১২ শতাংশ থেকে ৫ শতাংশে নামছে।জ্যাম, জেলি, মাশরুম, নারকেলের জল, ইস্ট, সর্ষে, সয়াবিন, ভুজিয়া এবং পানীয় জলের ২০ লিটারের বোতলের উপর থেকে জিএসটি ১২ শতাংশ থেকে কমে হল পাঁচ শতাংশ।ময়, মিছরি,

ধান কৃষকদের গর্ব, কৃষিই সভ্যতার প্রাণঃপীযুষ গোয়েল

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বরঃকৃষি সর্বদাই সভ্যতার প্রাণ, আর ধান হল কৃষকদের গর্ব। – রবিবার রাজধানী নয়াদিল্লিতে আয়োজিত এক গুরুত্বপূর্ণ আলোচনাসভায় এই মর্মস্পর্শী মন্তব্যই করেন কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী পীযুষ গোয়েলা। দেশের কৃষি, কৃষকের অবদান এবং বিশেষ করে ধান উৎপাদনের গুরুত্বকে সামনে রেখে তিনি বলেন, কৃষিকে বাদ দিয়ে সভ্যতার কোনও কাহিনি সম্পূর্ণ হতে পারে না। মানুষের বেঁচে থাকা, সামাজিক অগ্রগতি এবং অর্থনৈতিক উন্নয়নের মূলে কৃষির অবদান অস্বীকার করার উপায় নেই।এই প্রেক্ষিতেই তিনি উল্লেখ করেন, আগামী ৩০ এবং ৬১ অক্টোবর নয়াদিল্লির ভারত মণ্ডপে অনুষ্ঠিত হতে চলেছে বিআইআরিস ২০২৫ - ভারত আন্তর্জাতিক ধান সম্মেলন, যা বিশ্বের সবচেয়ে বা ধানকেন্দ্রিক আয়োজন হিসেবে ইতিমধ্যেই আন্তর্জাতিক মহলে সাড়া ফেলেছে। এ বছর এই মহাসম্মেলনে এক হাদের নীচে একত্রিত হবেন দেশের বিভিন্ন প্রান্তের ধানচাষি, আন্তর্জাতিক ক্রেতা, গবেষক, বিজ্ঞানী এবং বাণিজ্যিক আদ্যাদারী। গোয়েলের মতে, এটি শুধু একটি প্রদর্শনী বা বাণিজ্য সম্মেলন নয়, বরং ভারতের বহুমুখী ধানের বৈচিত্র্য, গুণমান এবং ব্যবসা-বাণিজ্যের সম্ভাবনাকে গোটা বিশ্বের সামনে তুলে ধরার এক বিরল সুযোগ।মন্ত্রী বলেন, ভারতবর্ষের ধানচাষিদের ইতিহাস হাজার বছরের পুরনো। এই ধানের সঙ্গে যুক্ত আছে কৃষকের ঘাম, শ্রম আর আত্মত্যাগ। দেশের সংস্কৃতির সঙ্গে ধান জািয়ে আছে অবিচ্ছেদ্যভাবে। পীযুষ গোয়েলের বক্তব্যে স্পষ্ট হয়ে যায়, সরকার ধানচাষিকে কেবল খাদ্যদ্রব্য উৎপাদনের বিষয় হিসেবে দেখছে না, বরং এটিকে বৈশ্বিক বাণিজ্য ও উদ্ভাবনের কেন্দ্রবিন্দুতে আনতে



চাইছে। তিনি বলেন, এই সম্মেলন হবে ভারতের কৃষি ও কৃষিভিত্তিক রপ্তানির গতিপথ বদলে দেওয়ার এক নতুন অধ্যায়।গোয়েল স্পষ্ট করে জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত কৃষকদের স্বার্থকে সর্বোপে রেখেই আন্তর্জাতিক বাণিজ্য আলোচনা করছে। তিনি বলেন, আমরা কখনওই আমাদের কৃষকদের স্বার্থের সঙ্গে আপস করব না। কৃষক আমাদের বাণিজ্যনীতির হৃদয়ে। তাদের কল্যাণই সরকারের প্রথম অঙ্গীকার। কৃষকদের আস্থা অর্জন না করে কোনও উন্নয়নের কথা ভাবা যায় না।তিনি আরও বলেন, আগামী পাঁচ বছরের মধ্যে কৃষি ও কৃষিভিত্তিক রফতানি দ্বিগুণ করার লক্ষ্য স্থির করেছে কেন্দ্র। তাঁর আশা, বিআইআরিস ২০২৫ সেই লক্ষ্যের পথে ভারতের দৃঢ় পদক্ষেপকে আরও শক্তিশালী করবে। মন্ত্রী বলেন জানা-দেশ যেন বা স্বপ্ন দেখতে শেখে, সাহসী পরিকল্পনা করে ভবিষ্যতের পথে এগোয়। ভারতের লক্ষ্য হওয়া উচিত শুধু বিশ্বের সবচেয়ে বড় রপ্তানিকারক হওয়া নয়, বরং সবচেয়ে বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য কৃষিপণ্য ব্র্যান্ডে পরিণত হওয়া।কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ধান থেকে

শুরু করে বিভিন্ন কৃষিপণ্যে মূল্য সংযোজনের মাধ্যমে বিশ্ববাজারে নতুন সম্ভাবনার দ্বার খোলা দরকার। আধুনিক প্রযুক্তি, উদ্ভাবনী গবেষণা, প্রক্রিয়াজাতকরণ এবং নতুন পণ্য তৈরি এই প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। তাঁর মতে, ভারত যদি মূল্য সংযোজিত ধান পণ্যের প্রচার এবং সমর্থন করতে পারে, তবে আগামী দিনগুলোতে দেশ আরও অনেক বেশি আন্তর্জাতিক বাজারে প্রদর্শাধিকার অর্জন করবে।তিনি বলেন, এগিয়ে যাওয়ার পথ হবে নতুন বাজার খোঁজা, মূল্য সংযোজিত উদ্ভাবনী পণ্য তৈরি করা এবং সেগুলিকে বিশ্ববাসীর কাছে পৌঁছে দেওয়া। তাঁর বক্তব্যে স্পষ্ট-ভারতের কৃষি আর কেবল দেশীয় ভোক্তাদের খাদ্য জোগান নয়, বরং বৈশ্বিক মানচিত্রে ভারতকে নেতৃত্বের আসনে বসানোর অন্যতম হাতিয়ার।গোয়েলের বক্তৃ তায় একাধিক দিক উঠে আসে। তিনি বারবার জোর দেন বিকশিত ভারত ২০৪৭-এর লক্ষ্যের কথা। স্বাধীনতার শতবর্ষপূর্তির সময় ভারত নেন উন্নত রাষ্ট্রের সারিতে পৌঁছায়, সেই দিকেই কাজ করছে সরকার। কৃষিকে বাদ দিয়ে সেই লক্ষ্য অর্জন

চকোলেট, কর্নফ্রেক্স, কেক, পেস্টি, সুপ, আইসক্রিম, জিলেটিনের উপর থেকে জিএসটি কমানো হয়েছে। এত দিন ১৮ শতাংশ জিএসটি ছিল এই সমস্ত পণ্যে। কমে হয়েছে পাঁচ শতাংশ।এ ছাড়া, যাবতীয় জীবনবিমা এবং স্বাস্থ্য বীমার উপর থেকে জিএসটি সম্পূর্ণ প্রত্যাহার করে নেওয়া হয়েছে।বিড়ির দাম কমছে। বিড়ির পাতার উপর ১৮ শতাংশ থেকে জিএসটি কমে হচ্ছে পাঁচ শতাংশ। বিড়ির উপর ২৮ শতাংশ থেকে জিএসটি কমে হচ্ছে ১৮ শতাংশ।সালফিউরিক অ্যাসিড, নাইট্রিক অ্যাসিড, অ্যামোনিয়ার উপর জিএসটি পাঁচ শতাংশে নামিয়ে আনা হচ্ছে।টিভি, এসি, ছোট গাড়ি, ৬৫০ সিসি-র নীচে বাইকের দাম কমছে। এখন থেকে এই পণ্যগুলিতে ১৮ শতাংশ জিএসটি নেওয়া হবে।নতুন জিএসটির হারে দামি হচ্ছে কী কীবিলাসরহুল গাড়ি, মোটরসাইকেল, প্রাইভেট জেট, রেসিং কারের উপর ৪০ শতাংশ জিএসটি আরোপ করা হয়েছে।পানমশলা, বাড়তি চিনি মিশ্রিত পানীয়, কার্বনযুক্ত পানীয়ের দাম বাড়ছে। ২৮ শতাংশ থেকে জিএসটি করা হচ্ছে ৪০ শতাংশ।

সম্ভব নয়। কৃষি, কৃষক ও কৃষিভিত্তিক শিল্প-এই তিনকে সমানতালে এগিয়ে নিয়ে যাওয়া ছাড়া উন্নয়ন টেকসই হবে না।মন্ত্রী এও বলেন, কৃষকের অবদান শুধু খাদ্য উৎপাদনেই সীমাবদ্ধ নয়। তাঁদের শ্রম দেশের অর্থনীতিকে গতিশীল করে। কৃষি ক্ষেত্রের বিকাশই শিল্পক্ষেত্রের জ্বালানি, কর্মসংস্থানের উৎস এবং গ্রামীণ উন্নয়নের ভিত্তি। তাই কৃষকের কল্যাণকে কেন্দ্র করে সরকার একাধিক পদক্ষেপ নিচ্ছে। ধান সম্মেলন সেই পথকে আরও সুদৃঢ় করবে।তিনি আবেগপ্রবণভাবে বলেন, ধান ভারতের চাষির কাছে শুধু ফসল নয়, গর্বের প্রতীক। ধানের শস্যক্ষেত্র মানে পরিশ্রম, মানে ঐতিহ্য, মানে সমৃদ্ধির স্বপ্ন। এই ধান ভারতের রন্ধনশিল্প থেকে শুরু করে সংস্কৃতির সঙ্গে একাকার হয়ে গেছে। এমনকি উসব-পার্বণেও ধানের উপস্থিতি অনিবার্য। সেই ধানকে কেন্দ্র করে আন্তর্জাতিক মঞ্চে ভারতের নেতৃত্ব গড়ে তোলা সময়ের দাবি।বক্তৃতার শেষে মন্ত্রী আহ্না জানান, কৃষক, শিল্পপতি, গবেষক, নীতি নির্ধারক-সবাই যেন হাতে হাত মিলিয়ে কাজ করেন। কৃষককে একা লাই করতে দেওয়া যাবে না। কৃষি ও শিল্পের মেলবন্ধন, সরকার ও বাজারের সহযোগিতা এবং সমাজের সর্বস্তরের সহযোগিতা মিলেই বিকশিত ভারত গড়ে উঠবে। তিনি বলেন, আসুন আমরা সকলেই আমাদের কৃষকদের জন্য একটি উন্নত ভবিষ্যতের জন্য অবদান রাখি।এই ঘোষণার মধ্য দিয়ে কেন্দ্রের বাণিজ্যমন্ত্রী শুধু একটি সম্মেলনের প্রচারই করলেন না, বরং ভারতের কৃ ষিনীতির আগামী দিক নির্দেশ ও তুলে ধরলেন। তাঁর বক্তৃতায় স্পষ্ট হয়ে গেল, কৃষিই সভ্যতার প্রাণ, কৃষকই দেশের গর্ব, আর ধান সেই গর্বের এক অনন্য প্রতীক।

৩৭৫টি রাস্তা এখনও বন্ধ, বুধবার থেকে ফের বৃষ্টিতে ভাসবে হিমাচল

শিমলা, ২১ সেপ্টেম্বর (হি.স.)ঃ হিমাচল প্রদেশের ওপর থেকে দুর্গোে কাটছেই না। আগামী ২৪ সেপ্টেম্বর, বুধবার থেকে ফের বৃষ্টি শুরু হতে পারে হিমাচল প্রদেশে। এমনটাই জানিয়েছে আবহাওয়া দফতর। পূর্বাভাসে জানানো হয়েছে, আগামী



২৪ সেপ্টেম্বর থেকে হিমাচল

প্রদেশের বিভিন্ন জেলায় নতুন করে ফের বৃষ্টি শুরু হতে পারে।রবিবারও হিমাচল প্রদেশের অনেক জায়গায় যানবাহন চলাচল ব্যাহত হয়েছে। দৃষ্টি জাতীয় সড়ক-সহ প্রায় ৩৭৫টি রাস্তা এখনও অবরুদ্ধ রয়েছে, এই রাস্তাগুলি মূলধারের বৃষ্টিপাত এবং

ভূমিধসের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছিল। মন্ডিতে সর্বাধিক ১২৮টি রাস্তা অবরুদ্ধ রয়েছে, তারপরে কুল্লতে ১১০, কাংডায় ৬৪ এবং শিমলায় ২৫টি রাস্তা বন্ধ রয়েছে।রবিবারও হিমাচল প্রদেশের অনেক জায়গায় যানবাহন চলাচল ব্যাহত হয়েছে।

সোমবার অরুণাচল ও ত্রিপুরা যাচ্ছেন প্রধানমন্ত্রী, রয়েছে বেশ কিছু কর্মসূচি




নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর (হি.স.)ঃসোমবার অরুণাচল প্রদেশ ও ত্রিপুরা সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুই রাজ্যে বেশ কিছু কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর। ৫,১০০ কোটি টাকা মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলাল্যাস করবেন প্র়ধানমন্ত্রী।প্রধানমন্ত্রী আজ অরুণাচল প্রদেশ ও ত্রিপুরা সফর করবেন। তিনি ইটানগরে ৬,৭০০ কোটি টাকারও বেশি মূল্যের দু'টি বড় জলবিদ্যুৎ প্রকল্পের ভিত্তি স্থাপন করবেন এবং যোগাযোগ, স্বাস্থ্য ও উন্নয়নে নিবেদিত প্রকল্প উদ্বোধন করবেন। ত্রিপুরায় তিনি মাতা ত্রিপুরা সুন্দরী মন্দির কমপ্লেক্সে কাজের উদ্বোধন করবেন।

দাদাসাহেব ফালকে পাওয়ায় মোহনলালকে শুভেচ্ছা ওড়িশার মুখ্যমন্ত্রীর

ভুবনেশ্বর, ২১ সেপ্টেম্বর : দাদাসাহেব ফালকে পুরস্কার পাওয়ায় প্রখ্যাত অভিনেতা মোহনলালকে শুভেচ্ছা জানিয়েছেন ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনরেন গ মাঝি। রবিবার তিনি সামাজিক মাধ্যমে লিখেছেন, ভারতীয় সিনেমার বিভিন্ন ভাষায় তাঁর বহুমুখী প্রতিভা ও অসামান্য অবদান আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে।দাদাসাহেব ফালকে পুরস্কারকে দেশের চলচ্চিত্র জগতের সর্বোচ্চ সম্মান হিসেবে ধরা হয়, যা আত্মীবন অবদানের স্বীকৃতি স্বরূপ দেওয়া হয়। এই সম্মানে ভূষিত হওয়ায় শুধু তাঁর ভক্তদেরই হতেই আনন্দ নয়, গোটা ভারতীয় সিনেমারও গৌরব বৃদ্ধি পেয়েছে।

অন্ধকার মুছে জাগ্রত হোক দীপশিখা, মহালয়ার শুভেচ্ছা বার্তা অমিত শাহের



নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর : মহালয়া উপলক্ষ্যে সমগ্র দেশবাসীকে শুভেচ্ছা জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। রবিবার এগ্ন হাউসেলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ লেখেন, শুভ মহালয়া!এই পবিত্র মহালয়ার মোহেত্মক্ষণে হৃদয়ের গভীর থেকে সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা।অমিত শাহ আরও লেখেন, মায়ের স্নেহ ও অপরিসীম করুণাধারা প্রতিটি প্রাণে বায়ে অনুক আনন্দ, শক্তি, সমৃদ্ধি এবং সুস্থত্বের উজ্জ্বল আভা। জীবনের প্রতিটি অন্ধকার মুছে যাক, জাগ্রত হোক নতুন আশার দীপশিখা।

বক্তৃতা ও আলোচনার মাধ্যমে মাদকের অপব্যবহার বন্ধ করা যায় নাঃজয়রাম ঠাকুর



শিমলা, ২১ সেপ্টেম্বর : মাদক-মুক্ত দেশ গঠনের লক্ষ্যে রবিবার সমগ্র দেশে আয়োজিত হল নমো যুবা দৌড়। হিমাচল প্রদেশেও এই নমো যুবা দৌরে অয়োজন করা হয়। হিমাচলের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা জয়রাম ঠাকুর এদিন বলেছেন, এটা সৌভাগ্যের বিষয় যে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর দক্ষ নেতৃত্বের মাধ্যমে দেশে অবদান রাখছেন। এসব তখনই সফল হবে যখন দেশের প্রতিটি নাগরিক সুস্থ থাকবে। বক্তৃতা অথবা আলোচনার মাধ্যমে মাদকের অপব্যবহার বন্ধ করা যায় না। জনগণের অংশগ্রহণে সিদ্ধান্ত নেওয়া দরকার। এই অনুষ্ঠানটি প্রধানমন্ত্রী মোদীর জন্মদিন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানগুলির মধ্যে একটি। লোকজন প্রচুর সংখ্যায় ম্যারাথনে অংশগ্রহণ করছে এবং আমি খুশি যে বিখ্যাত গায়ক মোহিত চৌহান এই দৌড়ের ব্র্যান্ড অ্যাম্বাসেডর। হিসাবে আমাদের মধ্যে রয়েছে। আমি চাই হিমাচল প্রদেশ এবং দেশ মাদকের অপব্যবহার থেকে মুক্ত হোক।গায়ক মোহিত চৌহান বলেছেন, আমাদের প্রধানমন্ত্রীর জন্মদিনের পরিপ্রেক্ষিতে এই অনুষ্ঠানগুলি সারা দেশে আয়োজন করা হচ্ছে। আমি এই অনুষ্ঠানে আমন্ত্রিত হয়ে আনন্দিত। আমি আমার অঞ্চলের মানুষের প্রতি দায়বদ্ধ বোধ করছি এবং মেহেতু এই দৌড়টি মাদকের অপব্যবহার নির্মূলের সঙ্গে সম্পর্কিত, তাই এই প্রচারটি সমাজে ছড়িয়ে দেওয়া দরকার।

কলকাতায় নমো যুবা দৌড়ে অংশ নিলেন সুকান্ত, যুবসমাজের কাছে রাখলেন বিশেষ আর্জি



কলকাতা, ২১ সেপ্টেম্বর : কলকাতায় নমো যুবা দৌড়ে অংশ নিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা বিজেপি নেতা ডঃ সুকান্ত মজুমদার। দেশের যুবসমাজের কাছে এদিন বিশেষ আর্জি রেখেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।সুকান্ত বলেছেন, এই ম্যারাথনের মূল উদ্দেশ্য নেশামুক্ত ভারতা। আমাদের দেশে বিশ্বের অন্যতম যুব জনসংখ্যা রয়েছে এবং এই জনসংখ্যা যাতে আসক্তির কলহে না পড়ে, সেজন্য এই দৌড়ের আয়োজন করা হয়েছে। কলকাতার হাজার হাজার মানুষ এতে অংশ নিয়েছেন। আমি যুবকদের সমাজ থেকে আসক্তি নির্মূল করার আহ্বান জানাই। নেশা মুক্ত ভারতবর্ষ গড়ার সংকল্প নিয়ে উত্তর কলকাতায় ধীর সন্ন্যাসী স্বামী বিরেকানন্দনের পেঁচক বাসভবন থেকে শ্যামবাজার পাঁচ মাথার মোড় নেতাজি সুদেব চন্দ্র বসুর মূর্তি পর্যন্ত নমো যুবা দৌড়ে অংশগ্রহণ করেন সুকান্ত। তাতে অংশ নেন রাহুল সিংহাও।

দূরন্ত বার্তা রাশিফান

মেঘঃআজকের দিনে আপনি কোনও নতুন প্রকল্পে কাজ করতে পারেন, আপনার প্রতিভা প্রদর্শনের জন্য এটি সঠিক সময়। ব্যক্তিগত সম্পর্কের ক্ষেত্রেও উষ্ণতা এবং শুভেচ্ছা বজায় থাকবে। আপনার প্রিয়জনদের সঙ্গে কাটানো সময় আপনার সম্পর্ককে শক্তিশালী করবে। স্বাস্থ্যের দিক থেকে একটি সতর্ক থাকুন। যদি আপনি দীর্ঘদিন ধরে কোনও সমস্যায় ভুগে থাকেন, বৃষ্ণঃ আপনার স্বাস্থ্য ভালো রাখবে এমন জিনিসের উপর কাজ করার পক্ষে একটি কল্যাণকর দিন। কোনও পুরানো বন্ধু আজ আপনাকে আর্থিক সাহায্য চাইতে পারে।

মিথুনঃ আজকের দিনে মিথুন রাশির জাতক জাতিকাদের দিনটি আপনার জন্য নতুন সুবাদনা এবং উত্তেজনাপূর্ণ অভিজ্ঞতায় পূর্ণ হবে। **কর্কট রাশি** : আজকের দিনটি একটি বিশেষ দিন যেহেতু ভালো স্বাস্থ্যে আপনাকে লক্ষ্যণীয় কিছু করতে সক্ষম করবে। আজ, আপনি আপনার পরিবারের সদস্যদের একসাথে যাওয়ার জন্য নিতে পারেন এবং তাদের জন্য প্রচুর অর্থ ব্যয় করতে পারেন। যাকে আপনি বিশ্বাস করেন তিনি আপনাকে পুরো সতি্যটি বলবেন না-আপনার আদ্যেরেকে রাজী করবেন ক্ষমতা আগত সমস্যা সমাধানে আপনাকে সাহায্য করবে। প্রেমের সবসময়ই গভীর ভাবপূর্ণ, এবং আপনি আজ এই অভিজ্ঞতা লাভ করবেন।

সিংহ : সিংহ রাশির জাতক জাতিকাদের জন্য এই দিনটি বিশেষ ভাবে ইতিবাচক হবে। আপনার আত্মবিশ্বাস সর্বোচ্চ স্তরে থাকবে, যা আপনাকে আপনার লক্ষ্যের দিকে এগিয়ে যেতে সাহায্য করবে। এটি আপনাকে কেবল ব্যক্তিগত স্তরেই নয়, পেশাদার জীবনেও সাফল্য এনে দিতে পারে।।

কন্যা :জটিল পরিস্থিতিতে ঘাবড়ে যাবেন না। খাবরের স্বাদের জন্য যেমন নুন দায়ী তেমনি একটি অসুস্থি না থাকলে সুখের গুরুত্ব বোঝা যায় না। সামাজিক অনুষ্ঠানে অংশ নিিন-এতে আপনার মন ভালো থাকবে। **তুলা**ঃ তুলা রাশির জাতক জাতিকাদের জন্য এই দিনটি ভারসাম্য এবং সমস্ঠ্রিতির দিন। আপনার সামাজিক এবং ব্যক্তিগত জীবনে কিছু নতুন সম্ভাবনার উন্মব হতে পারে। আপনি আপনার বন্ধুবান্ধব এবং পরিবারের সদস্যদের সঙ্গে সময় কাটানো পছ হ়দ করবেন, এটি আপনাকে মানসিক শান্তি দেবে। **বৃশ্চিক**ঃআপনার পরিবার আপনার কাছ থেকে অনেক আশা করতে পারে যা আপনার কাছে জ্বালাতনের বিষয় হতে পারে। অর্থনৈতিক দিকটি শক্তিশালী হওয়ার সম্ভাবনা রয়েছে। **ধনু**ঃধনু রাশির জাতক জাতিকাদের জীবনে উসাহ এবং ইতিবাচক শক্তির প্রবাহ বজায় থাকবে।

আপনার স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়ার জন্য এটিই সঠিক সময়। শুভদিন **মকর** : কর্মব্যস্ত দিন হওয়া সত্ত্বেও স্বাস্থ্য সুন্দর থাকবে। আর্থিক লেনদেন অবিচ্ছিন্নভাবে সারা দিন চলবে এবং দিন শেষ হওয়ার পরে আপনি যথেষ্ট পরিমাণে সঞ্চয় করতে সক্ষম হবেন। **বিরাহ**ের যোগহবে। **কুন্ত**ঃ আজকের দিনটি কুন্ত রাশির জাতক জাতিকদের জন্য নতুন ধারণা এবং দৃষ্টিভঙ্গি দিন। আপনি আপনার সৃজনশীলতা প্রকাশ করার চেষ্টা করবেন এবং এটি আপনার পেশাগত এবং ব্যক্তিগত জীবনে সাহায্য করবে। **মীন**ঃ আজ আপনি আশার জাদু মন্ত্রের কবলে। আজকে করা বিনিয়োগ আপনার সমৃদ্ধি এবং আর্থিক নিরাপত্তা বাড়িয়ে দেবে। এক খুশি-প্রাণোচ্ছল-স্নেহশীল মেজাজে-আপনার মিশ্রকে স্বভাব আপনার চারপাশে যারা আছেন

আবহাওয়া

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ুর বিনায়েলগ্নেও বৃষ্টি হচ্ছে পশ্চিমবঙ্গে। আপাতত কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বৃষ্টি হলেও তপ্তমাত্রার বিশেষ হেরফের হবে না। ঘর্মাক্ত গরম অনুভূত হতে পারে শহর ও শহরতলিতে। সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের সামান্য বেশি। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী শনিবার পর্যন্ত উত্তরবঙ্গের

জোয়ার-ভাটা

জোয়ার-ভাটার ০৭টা ৪৫মিনিট এবং রাত ০৭টা ৪৫মিনিট। **ভাটা**-দুপুর ১২টা ৪৫মিনিট এবং রাত ১১টা ৪৫মিনিট। সূর্যঃউদয় : সকাল ৬টা ৪৫মিনিটে হতে পারে এবং সন্ধ্যা ৫টা ৪৫মিনিটে হতে পারে।

শিক্ষক নিয়োগের মডেল উত্তরপত্র এস.এস.সি.’র ওয়েবসাইটে



দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতা

পূর্ব ঘোষণা অনুযায়ী, একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ পর্বটিক্ষার মডেল উত্তরপত্র আপলোড করেছে স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)। শনিবার এসএসসির ওয়েবসাইটে এই উত্তরপত্র প্রকাশ করা হয়েছে। এর আগে, গত ১৬ সেপ্টেম্বর নবম ও দশম শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষার মডেল উত্তরপত্র আপলোড করেছিল এসএসসি। গত রবিবার সাংবাদিকদের শিক্ষামন্ত্রী রাত্য বসু জানিয়েছিলেন, ১৬ সেপ্টেম্বর নবম, দশম এবং ২০ সেপ্টেম্বর একাদশ, দ্বাদশের শিক্ষক নিয়োগের মডেল প্রশ্নপত্র আপলোড করবে এসএসসি। সেইমতো আগে নবম ও দশমের এবং এদিন একাদশ ও দ্বাদশের শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নের উত্তরপত্র আপলোড করা

হয়। প্রসঙ্গত, নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণির মডেল উত্তরপত্র রবিবার থেকে চাকরিপ্রার্থীরা চ্যালেঞ্জ করতে পারবেন। আগামী পাঁচদিন ধরে এসএসসির ওয়েবসাইটে তারা এই সুযোগ পাবেন। তবে চ্যালেঞ্জ করার জন্য প্রার্থীদের কিছু শর্ত পূরণ করতে হবে বলে এসএসসি জানিয়েছে। এস এস সি আগেই জানিয়েছিল যে, প্রার্থীদের পাঠানো চ্যালেঞ্জগুলি বিশেষজ্ঞ অধ্যাপক বা সংশ্লিষ্ট বিষয়ের বিশিষ্টজনেরা যাচাই করবেন। চ্যালেঞ্জের সঙ্গে অন্তত দুটি যথাযথ সাপোর্টিং ডকুমেন্ট অনলাইনে জমা দিতে হবে। প্রতি উত্তর চ্যালেঞ্জের জন্য ১০০ টাকা জমা দিতে হবে,তবে এই টাকা প্রার্থীদের দেওয়া উত্তর সঠিক হলে ফেরত দেওয়া হবে এমনটাই জানিয়েছে এসএসসি।

তপর্ণের উদ্দেশ্যে হাওড়াতেও বিভিন্ন ঘাটে মানুষের ভীড়



দুঃস্বভাবা, সুমন অদক, হাওড়া

তপর্ণের উদ্দেশ্যে হাওড়াতেও বিভিন্ন ঘাটে মানুষের ভীড়, কড়া নিরাপত্তা। পূজোর কাউন্টডাউন শুরু। রবিবার ছিল মহালয়া। পিতৃপক্ষের অবসানে দেবীপক্ষের শুরু। আকাশে বাতাসে আগমনির সুর। এবেল বাজারির রিভ্রনত নন্দীরাজিয়া। যুগ যুগ ধরে সকলে এটা মেনে আসছে। মহালয়ার দিন প্রয়াত পূর্বপুরুষের আত্মা পৃথিবীর বুকে ছাড়ে বিরাজ করে বলে সকলের বিশ্বাস। এই তপর্নে পূর্বপুরুষের আয়ার উদ্দেশ্যে জল নিবেদন করে তপের সম্ভ্রুত করেন। পূর্বপুরুষের নাম উচারণ করে তাঁদের কাছে সুখ-শান্তি সকলে প্রার্থনা করেন। সেই মতো এই দিনে গঙ্গার ঘাটে ঘাটে ভিড় তপর্ণের হুন্স। রবিবার ভোর থেকেই হাওড়ার বিভিন্ন গঙ্গার ঘাটে ভিড় দেখা যায় তপর্ণের জন্য। হাওড়া সিটি পুলিশের পক্ষ থেকে নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। ঘাটে ঘাটে লাগানো হয় সিসি ক্যামেরা। উদ্ধারকারী দল স্পিডবোট

মাতৃপক্ষের শুরুতে কংসাবতী নদীর গান্ধীঘাটে তপর্ণ নগরবাসীর

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতা

মেদিনীপুর (নিউস এশিয়া)ঃ পিতৃপক্ষের সমাপ্তি এবং মাতৃপক্ষের সূচনা মহালয়ার মাধ্যমেই চিহ্নিত করা হত। মাতৃপক্ষের শুরুতে শহরের কাছে কংসাবতী নদীর গান্ধীঘাটে তপর্ণ করার জন্য ভিড় জমান নগরবাসী।

সকাল থেকেই গান্ধীঘাটে ভিড় জমান নগরবাসী। মেদিনীপুর শহরের কাছে কংসাবতী নদীর গান্ধীঘাটে সকাল

থেকেই তপর্ণ শুরু হয়েছে। এই দিনে দেশের বিভিন্ন প্রান্ত থেকে সাধারণ মানুষ পূর্বপুরুষের উদ্দেশ্যে জল উৎসর্গ করতে সমবেত হন।

ভিন্ন ভিন্নস্বেত্র প্রাশাসনের পক্ষ থেকে কঠোর নজরদারি বজায় রাখা হয়েছিল। নিরাপত্তার জন্য পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছিল। পুরসভার পক্ষ থেকে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে।

মহালয়ায় মহানন্দার ঘাটে আচার-অনুষ্ঠানে উপচে পড়া ভিড়

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, নববারাকপুরঃ পিতৃপক্ষের অবসান ঘটিয়ে দেবী পক্ষের সূচনা। শুভ মহালয়ায় কড়া পুলিশ নিরাপত্তায় পিতৃ তপর্ণ অনুষ্ঠিত হলো নিউ বারাকপুর শহরের বিভিন্ন ঘাটে। নববারাকপুর পুরসভার পক্ষ থেকে ব্যারিকেড ত্রিপল দিয়ে আচ্ছাদন করা হয়েছে বিভিন্ন পুকুর ও বিলের ঘাটে। এর পাশাপাশি নববারাকপুর থানার পর্যাপ্ত পুলিশ কর্মীরা মোতায়েন ছিল বিভিন্ন পুকুর ঘাটে। রবিবার ভোর থেকে তপর্ণ পৃথ্যাধীদের যাতে কোনো অসুবিধা না হয় তার জন্য ঘাট গুলিতে পুলিশের কড়া নিরাপত্তার ব্যবস্থা ছিল। নজরদারি চালানো হয়

ফেটার আগেই ঘাট জুড়ে জমে ওঠে আচার-অনুষ্ঠান। এ বছর নদীর জলস্তর স্বাভাবিকের তুলনায় বেশি থাকায় ভিড় সমালোচিত মোতায়েন ছিল বিপর্যয় মোকাবিলা বাহিনী। পিতৃতপর্ণের পাশাপাশি দেব তপর্ণ ও ঋষি তপর্ণেও অংশ নেন বহু ভক্ত। শ্রদ্ধা, ভক্তি মনোভাব ঘাটে ভক্ত-পূজার্থীদের চল নামে। ভোরের প্রথম আলো

সীমান্ত দালাল সহ গ্রেপ্তার ৩ বাংলাদেশী

দুঃস্বভাবা, সৌরভ দাশ, বসিরহাট

অবৈধ ভাবে ভারতে প্রবেশের চেষ্টা রুখে দিলো বিএসএফ

জওয়ানারা সীমান্ত রক্ষী বাহিনীর

জওয়ানদের হাতে গ্রেপ্তার দালাল

সহ তিন বাংলাদেশী। স্বরূপনগরের

তারালি সীমান্ত এলাকা থেকে দালাল

সহ এই তিন বাংলাদেশী নাগরিককে

গ্রেপ্তার করে কর্তব্যরত সীমান্ত রক্ষী

বাহিনীর জওয়ানরা। জানা যায়,

রাতে তারালি সীমান্ত দিয়ে পার হয়ে

ভারতে ঢোকার চেষ্টা করলে বিএসএফ

জওয়ানদের হাতে ধরা পড়েন তারা।

বিএসএফের তরফ থেকে ধৃতদের

স্বরূপনগর থানার পুলিশের হাতে

তুলে দেওয়া হয়। ধৃতদের বসিরহাট

মহকুমা আদালতে পেশ করা হয়।

জিমে ঢুকে মালিককে গুলি

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতাঃ মহালয়ার সকালে খাস কলকাতার চারুমার্কেট এলাকার একটি জিমে গুলির ঘটনা। জানা গেছে, রোনকেট পরিহিত দুই আততায়ী আচমকা জিমে ঢুকে মালিককে লক্ষ্য করে দুই রাউন্ড গুলি চালায়। সৌভাগ্যবশত মালিক প্রাণে বেঁচে গিয়েছেন। উৎসবের মরওমে জনবল্ক এলাকায় এই ঘটনার তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। ঘটনাস্থলে ব্যাপক পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। জানা গিয়েছে, চারু মার্কেট থানা এলাকার এই জিমাটি বেশ পরিচিত। প্রতিদিন বহু তরুণ-তরুণী সেখানে যান। অন্যান্যদিনের মতোই রবিবার অর্থাৎ মহালয়ার সকালেও বেশ কয়েকজন জিমে ছিলেন। আচমকা রোনকেট পরে মুখ ঢেকে দুই যুবক সিঁড়ি দিয়ে উঠে যান জিমে। কেউ কিছু বুঝে ওঠার আগেই তারা জিম মালিককে লক্ষ্য করে পরপর ২ রাউন্ড গুলি চালায় বলে অভিযোগ। স্বাভাবিকভাবেই ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। জিমের সামনেই বাজার। স্বাভাবিকভাবেই চমকে ওঠেন সেখানে থাকা সকলেই। তবে সকলে বিষয়টা বুঝে ওঠার আগেই এলাকা ছাড়ে আততায়ীরা। এদিকে দ্রুত খবর দেওয়া হয় চারুমার্কেট থানায়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পুরুষ ঘটনা খতিয়ে দেখে এবং তদন্ত শুরু করে। তবে গুলির পেছনে কী কারণ রয়েছে, তা নিয়ে তদন্ত চলছে। ঘটনার পর জিমের মালিক স্বাভাবিকভাবেই আতঙ্কিত।

লিলুয়ায় ছুরিকাহত এক যুবক

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, লিলুয়া (নিউস এশিয়া)ঃ লিলুয়া থানার অন্তর্গত সি রোড লোহা গ্রেটে ছুরিকাহত এক যুবক। স্থানীয় মানুষের বক্তব্যে যুবকটি তার বাড়ির সামনে গলিবে দাঁড়িয়েছিল হঠাৎ করে একটি বাইকে করে দুজন যুবক আসে সেই যুবক কিছু বুঝে ওঠার আগেই ছুরি নিয়ে ওই যুবকের উপর চালাতে থাকে তখন যুবকটি রক্তাক্ত হয়ে ছুরির আঘাতে তাকে নিয়ে আসা হয় লিলুয়া থানায়। লিলুয়া থানার তরফ থেকে চিকিৎসা ক্যামারো জন্য হাসপাতালে নিয়ে যাওয়া হয় পরবর্তীকালে ওই যুবককে। পরবর্তীকাল ওই আঘত ছুরকের বাড়ির লোক এবং স্থানীয় লোকেরা থানায় আসে যে দৃকুতীরা তাকে মেরেছে তাদের বিরুদ্ধে থানায় অভিযোগ করা হয়। পুলিশ আধিকারিকেরা তৎপরতার সঙ্গে ঘটনাস্থলে গিয়ে খৌঁজখোঁজ লাগিয়ে একজনকে আটক করে যার নাম জেমস্ট মিশ্র (গোবু)। ছুরি কাণ্ডে জড়িত আরেক দৃকুতী পলাতক পুলিশ তাকে খুঁজছে। ছুরির আঘাতে আহত যুবকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয় হাসপাতালে থেকে। পুলিশ জিজ্ঞাসাবাদ এর জন্য তাকে থানায় নিয়ে এসেছে।

পূর্ণাধীর হাতে প্রসাদ বিতরণ পৌরপিতার

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা (নিউস এশিয়া)ঃপিতৃপক্ষের অবসান ঘটিয়ে মাতৃ পক্ষের শুভ সূচনা। আবারো একটি সুন্দর শারদীয়া উৎসবের সাক্ষী হতে চলেছে সমগ্র ভারতবর্ষ। দক্ষিণ ২৪ পরগনা অন্তর্গত মহেশতলা পৌরসভার ৩৪ নং ওয়ার্ডে অনুষ্ঠিত হলো তপর্ণাধীরের ভোগ বিতরণ অনুষ্ঠান। টিম অভিনবকো বানার্জি মহেশতলার উদ্যোগে এবং মহেশতলা পৌরসভার ৩৪ নং ওয়ার্ডের পৌরপিতা গোপাল সাহার একগুচ্ছ সহযোগিতায় অনুষ্ঠিত হয় এই অনুষ্ঠান। এই অনুষ্ঠানের মধ্য দিয়ে লুঙ্গি ফেরিবারে উপস্থিত প্রায় ৩০ হাজার পূর্ণাধীরদের হাতে ভোগ তুলে দেন টিম অভিনবকো ব্যানার্জি মহেশতলার সদস্যরা। মহালয়ার দিন তপর্ণ মানেই একটি শ্রদ্ধার মধ্যে দিয়ে শুরু হয় শারদীয়া উৎসবের পথ চলা। আর এই পথ চলার শুভারম্ভ টিম অভিনবকো ব্যানার্জি মহেশতলা মেভাভে করলো তার ফলে সমগ্র মহেশতলার মানুষের মনে একটি নজির স্থাপন করে গেল। পৌরপিতা গোপাল সাহার এই উদ্যোগকে সাধ্বাদ জাণিগেছে আপামোর মহেশতলা বাসী। পৌরপিতা গোপাল সাহা সাংবাদিকদের মুমুক্ষুমাখি হয়ে বলেন, সাংসদের নির্দেশে ডায়ামন্ড হারবার লোকসভা জুড়ে প্রতিটি এলাকায় এই ধরনের অনুষ্ঠান অনুষ্ঠিত হচ্ছে নেরকইই নৃঙ্গি ফেরিবারেও আমরা এই অনুষ্ঠানের আয়োজন করেছি। সবাই যেন এই উৎসবে জাতি ধর্ম বর্ণ ভুলে একত্রে আনন্দিত হতে পারে এবং মায়ের আগমনের সাথে সাথে প্রতিটি মানুষের মধ্যে যে শক্তির আবির্ভাব হয় সেটি যেন শুভ শক্তিতে পরিণত না করত শক্তি যেন কোন ক্ষতি না করবে তার সেই দিকেই লক্ষ্য রাখতে হবে।

কসবা ল’কলেজ ধর্ষণ মামলায় নতুন মোড়, ডিএনএ রিপোর্টে মিলল প্রমাণ!



দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতাঃ কসবা ল’কলেজে সংঘটিত ধর্ষণ কাণ্ডে মনোজিত মিশ্রের বিরুদ্ধে দৃষ্কল্প রিপোর্টে স্পষ্ট প্রমাণ মিলেছে।এই ঘটনায় পুলিশের চার্জশিটে অনেক গুরুতর তথ্য উঠে এসেছে যা ঘটনার গভীরতা তুলে ধরেছে। ভিযোগে রয়েছে, নির্ঘাতিতা অসুস্থ অবস্থাতেও যথাযথ চিকিৎসার সুযোগ দেওয়া হয়নি। মাথায় আঘাত থাকা সত্ত্বেও তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়নি। তদন্তে জানা গেছে, প্রমাণ লোপাটের জন্য নির্ঘাতিতার ইনহেলোরের বাল্লও সরিয়ে দেওয়া হয়েছিল। এর সঙ্গে সঙ্গে জানা গিয়েছে, নির্ঘাতিতাকে হকি স্টিক দিয়ে মারার চেষ্টা হয়েছিল এবং ঘটনার একাধিক ভিডিও তৈরি করা হয়েছিল, যেগুলো পরে মুছে ফেলা হয়। চার্জশিটে পুলিশ উল্লেখ করেছে,

মনোজিতের রাজনৈতিক প্রভাব অনেক বেশি, যা ঘটনার সঠিক তদন্তে বাধা সৃষ্টি করেছে। কসবা কলেজের এক তরুণী শিক্ষার্থী সম্প্রতিক অতীতে ভাবাবহ ধর্ষণের শিকার হন। অভিযোগ, মনোজিত মিশ্র নামের একজন ব্যক্তি কলেজ ক্যাম্পাসের মধ্যে ওই শিক্ষার্থীর উপর বর্বরতা চালান। শিক্ষার্থী ও তার পরিবারের পক্ষ থেকে অভিযোগ দায়েরের পর পুলিশের তদন্ত শুরু হয়। ঘটনার তদন্তে বিশেষ নজর দেওয়া হয় এবং দৃষ্কল্প পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হয়। দৃষ্কল্প রিপোর্টে স্পষ্ট প্রমাণ পাওয়া যায়, যা মনোজিত মিশ্রের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক প্রমাণ হিসেবে কাজ করে। এই রিপোর্টে ধর্ষণের অভিযোগকে আরও দৃঢ় করে তোলে এবং আদালতে এই প্রমাণ গুরুত্বপূর্ণ ভূমিকা

কলকাতা পুর এলাকায় তৃণমূলের সংগঠনে নতুন নিয়ম, কাউন্সিলরদের সীমাবদ্ধতা!

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতা, কলকাতাঃ ছাব্বিশের বিধানসভা ভোটারে আগে দলীয় সংগঠনের আরও বিকেন্দ্রীকরণ ঘটিতে শাসকদল তৃণমূল কংগ্রেসের তরফ থেকে কঠোর নীতি চালু করা হচ্ছে। যারা পুরসভার কাউন্সিলর, তারা নিজেদের ওয়ার্ডের দলীয় সংগঠনের সভাপতি হিসেবে দায়িত্ব নিতে পারবেন না। মূলত সংগঠনকে আরও সংগঠিত ও শক্তিশালী করতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কলকাতা সহ অন্যান্য পুরসভা এলাকায় সাংগঠনিক পদাধিকারী নির্বাচনে এই নীতি প্রযোজ্য হবে বলে জানা গেছে। দলীয় সুরে খবর, আগামী সপ্তাহে উত্তর ও দক্ষিণ কলকাতা জেলার বৈঠক ডেকেছেন দলের রাজ্য সভাপতি সুব্রত বস্তু। তাঁর দপ্তরে বৈঠক হবে। জেলার বিধায়কদেরও

ডাকা হয়েছে। ওয়ার্ড সভাপতি নির্বাচনে তাঁদের মতামত নেওয়া হবে। দলের নিজস্ব সমীক্ষা রিপোর্টও তৈরি আছে। জানা গিয়েছে, মূলত কলকাতা পুরসভা এলাকায় কঠোরভাবে এই নীতি প্রয়োগ করতে চাইছে শাসকশিবির। তবে এখানে একটি বিষয় নিয়ে জল্পনা আছে। কাউন্সিলর সভাপতি না হলেও যদি তাঁর স্বামী বা স্ত্রী বা পরিবারের কেউ সভাপতি হন, তাহলে এই নীতির প্রয়োগ গুরুত্ব হারাবে। তার বিরুদ্ধে অবশ্য ভবে রয়েছে দল। ঠিক করা হচ্ছে, আলাদা করে স্থানীয় স্তরে সিনিয়র কোনও নেতাকে ওয়ার্ড সভাপতি বা সভাপতী করতে। এই মর্মে দলের রাজ্য সভাপতি সুব্রত বস্তু জেলার নেতাদের কাছে সেই বার্তা পাঠিয়েছেন। ছাব্বিশের

ব্লক কমিটি ঘোষণা হওয়ার কয়েক মিনিটে পদত্যাগ উদয়ননগর বিধায়কের

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতাঃ তৃণমূল কংগ্রেসের ব্লক কমিটি ঘোষণা হওয়ার তিক কয়েক মিনিটের মধ্যেই উদয়ননগরের বিধায়ক সমীর পাঁজা দল থেকে পদত্যাগ করেছেন। এই আকস্মিক সিদ্ধান্ত রাজনৈতিক মহলে চাঞ্চল্য সৃষ্টি করেছে। পদত্যাগপত্র তিনি ইতিমধ্যে দলের সর্বভারতীয় সভাপতি সুব্রত বস্তুার-র কাছে পাঠিয়ে দিয়েছেন। ভোটেই আগে এহেন ঘটনা রাজনৈতিক মহলে নতুন আলোচনার বসন্ত দিয়েছে। বিধায়ক সমীর পাঁজা বলেন, ‘আমি অমাতা-উল্লেবেঁড়িয়া, উত্তর এবং সাকঁরাহিল কেন্দ্রের বর্তমান সভাপতিদের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে নতুনদের দায়িত্ব

দেওয়ার কথা বলেছিলাম। সেই সময় দলীয় নেতৃত্ব এই নিয়ে আমাদের নিয়ে বৈঠক করার কথাও বলেছিলেন। যদিও এরপর এই নিয়ে আর কোনও বৈঠক হয়নি। এমনকী আমি একাধিকবার সুব্রত বস্তুার সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করলেও ঠেকে ফোনে পাইনি। আর আমাদের নিয়ে বৈঠকের আগেই আজ দলের তরফে জেলা কমিটি ঘোষণা করা হয়েছে।’ তিনি আরও জানান, স্ত্রয়খানে আমি যে তিনটি কেন্দ্রের সভাপতিদের পরিবর্তনের কথা বলেছিলাম, সেই কেন্দ্রগুলিতে সভাপতি পদে কোনও পরিবর্তন করা হয়নি। আর এই ঘটনার প্রতিবাদে আমি জেলা

কমিটির চেয়ারম্যান পদ থেকে পদত্যাগ করলাম।দ ভোটার আগে সংগঠনকে সুসংগঠিত ও ঝাঁঝালো করা তৃণমূলের জন্য অত্যাবশ্যক, তাই নতুন কমিটি গঠন হচ্ছে। এ ধরনের পরিবর্তন পুরনো নেতাদের মধ্যে বিরোধ সৃষ্টি করলেও দল এটি নিয়ে অভ্যস্তের আলোচনা এগোবে বলে ধারণা রাজনৈতিক মহলে। সমীর পাঁজার পদত্যাগের খবর মিলেছে তৃণমূলের রাজ্য ও জেলা নেতৃত্বের কাছে। যদিও কমিটি অনুষ্ঠানিকভাবে এখনও বিঘাটি নিয়ে যা শোনেনি, তবে অভ্যন্তরীণ আলোচনায় বিষয়টি সরকার ও দলীয় নেতৃত্বের নজরের বাইরে নেই।

সিনেমায় দেবের ২০ বছরের শুভেচ্ছা জানানো মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

দুঃস্বভাবা, নিজস্ব সংবাদদাতাঃ সুপারস্টার দেব সম্প্রতি বাংলা চলচ্চিত্র জগতে তার ২০ বছর পূর্তির এক যুগান্তকারী উদযাপন করেছেন। পুজায় মুক্তিপ্রাপ্ত তার ছবি জয়ু ডাকাভত-এর প্রচারণামূলক অনুষ্ঠানে এই মহিল চলচ্চিত্র সম্মানিত করা হয়। তার অনুষ্ঠানে শিল্পের সহকর্মী, ভক্ত এবং বিশেষ অতিথিরা একজন অভিনয়শিল্পী থেকে বাংলা চলচ্চিত্রের অন্যতম বিখ্যিত তারকা হওয়ার যাত্রা স্বাগণে জড়ো হয়েছিলেন। পশ্চিমবঙ্গের মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের একটি বিশেষ বার্তায় এই অনুষ্ঠানটি তুলে ধরা হয়েছিল, যিনি ব্যক্তিগতভাবে দেবকে শুভেচ্ছা জানিয়েছিলেন, আঞ্চলিক চলচ্চিত্র জগতে তার অবদান এবং দর্শকদের মধ্যে তার স্বামী আবদানের স্বীকৃতিস্বরূপ। তার বার্তায়, মুখ্যমন্ত্রী বলেন বহু বছরের হৃদযুধী অভিনয়ের প্রশংসা করে বলেন, তদব, তুমি ২০ বছর ধরে চলচ্চিত্র জগতে প্রবেশ করছো। এটা আমাদের জন্য খুবই ভালো খবর। তুমি চলচ্চিত্র জগতের নেতৃত্ব দিয়েছো। অার তুমি বিভিন্ন সময়ে বিভিন্ন চরিত্রে একজন নায়কের ভূমিকায় অভিনয় করেছো। তাই, আমি খুবই যশে যশে থেকে চলচ্চিত্র জগতে তোমার ২০তম বার্ষিকীতে সম্মান দেওয়া হবে। তুমি খুব ভালো অভিনেতা এবং একজন ভালো মানুষ। তাই, আমরা তোমাকে শুভকামনা জানাবো। আমার পুজা অনুষ্ঠান শুরু হওয়ায় তোমার সাথে থাকা সম্ভব নয়, তবে আমি মানসিকভাবে তোমার সাথে আছি। তুমি খুব ভালো

